আবেদনকারীর সাম্প্রতিক ০২ কপি ছবি (সত্যায়িত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রপ্তানি উন্নয়ন ব্যুরো
টিসিবি ভবন, ১, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.epb.gov.bd /E-mail: ditf@epb.gov.bd /Facebook: www.facebook.com/epb.gov.bd

**বিষয়ঃ ৩০তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ) ২০২৬ প্রাঙ্গণে ডিজিটাল/অন-লাইনে প্রবেশ টিকেট ইজারা/বরাদ্দ সংক্রান্ত দরপত্র শিডিউল (দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লিখিত কাজের ক্রমিক নং-(i) দ্রষ্টব্য)।**

| | | | |
|---|---|---|---|
| ১। | দরপত্র আহবানের উদ্দেশ্য | : | আগামী ০১ জানুয়ারি, ২০২৬ তারিখ হতে মাসব্যাপী অনুষ্ঠেয় ৩০তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ) ২০২৬ এর দর্শনার্থীদের নিকট প্রবেশ টিকিট বিক্রয় কার্যক্রম সুষ্ঠু ও সুশৃঙ্খলভাবে পরিচালনা। |
| ২। | কাজের নাম | : | ডিআইটিএফ ২০২৬ এর ডিজিটাল/অন-লাইনে প্রবেশ টিকেট ইজারা/বরাদ্দ কাজ। |
| ৩। | সর্বনিম্ন মূল্য (Floor Rate) | : | **টাঃ ৫,০০,০০,০০০/- (পাঁচ কোটি ) মাত্র** (ভ্যাট ও ট্যাক্স ব্যতীত)। |
| ৪। | দরপত্র প্রসেসিং ফি (ভ্যাট ও ট্যাক্সসহ) | : | **টাঃ ১৩,৫০০/- (তের হাজার পাঁচশত)** মাত্র (অফেরতযোগ্য)। ব্র্যাক ব্যাংক লিঃ-এর যে কোন শাখায় **"ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা তহবিল (DHAKA INTERNATIONAL TRADE FAIR FUND)" শিরোনামের হিসাব নম্বর-১৫০১১০২৪৮৫১০৩০০১-এ** জমা দিয়ে ডিপোজিট স্লিপের কপিসহ দরপত্রের/ আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে (ই-মেইলে আবেদনের ক্ষেত্রে ডিপোজিট স্লিপের স্ক্যান কপি দাখিল করতে হবে)। অন্যথায় আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। |
| ৫। | দরপত্র দাখিলের সর্বশেষ তারিখ ও সময় | : | **১৭-১১-২০২৫ খ্রিঃ তারিখ বিকাল ০৫:০০ টা পর্যন্ত।** |
| ৬। | দরপত্র দাখিল প্রক্রিয়া, দাখিলের স্থান | : | প্রবেশ টিকেট ইজারা কাজের দরপত্র নির্ধারিত নিয়মাবলী অনুসরণপূর্বক ও প্রয়োজনীয় কাগজপত্রসহ www.epb.gov.bd/www.facebook.com/epb.gov.bd থেকে শিডিউল/ আবেদন ফরম ডাউনলোড করে পূরণকৃত হার্ডকপি আগামী ০৩-১১-২০২৫ খ্রিঃ তারিখ হতে ১৭-১১-২০২৫ তারিখ বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে নিম্নোক্ত দপ্তর সমূহে রক্ষিত টেন্ডার বাক্সে সরাসরি অথবা ডাকযোগে দাখিল করতে হবেঃ<br>(ক) প্রশাসন শাখা এবং ডিআইটিএফ সচিবালয়, রপ্তানি উন্নয়ন ব্যুরো, টিসিবি ভবন (৫ম তলা), ১ কাওরান বাজার, ঢাকা;<br>(খ) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক)-এর অফিস কক্ষ, (১ম ১২ তলা ভবন, ৩য় তলা, কক্ষ নং-৩০৩, সেগুনবাগিচা), ঢাকা;<br>(গ) বাণিজ্য মন্ত্রণালয়, ভবন নং-০৩ (২য় তলা), কক্ষ নং-১২৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা; এবং<br>(ঘ) এছাড়া, ই-মেইলঃ ditf@epb.gov.bd এর মাধ্যমে আবেদনপত্র/দরপত্র দাখিল করা যাবে। |
| ৭। | দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান | : | ১৮-১১-২০২৫ খ্রিঃ তারিখ বিকাল ০৩:০০ টায় রপ্তানি উন্নয়ন ব্যুরোর কনফারেন্স রুম [টিসিবি ভবন (৫ম তলা), ১, কাওরান বাজার, ঢাকা]-এ দরপত্র দাতাগণের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন)। |
| ৮। | মেলার মেয়াদ কাল | : | আগামী ০১ জানুয়ারি, ২০২৬ তারিখ হতে মাসব্যাপী। |
| ৯। | ইজারা/বরাদ্দ গ্রহণে আগ্রহী দরপত্র দাতা সংস্থা/ প্রতিষ্ঠানের নাম, ঠিকানা, ফোন ও ফ্যাক্স নম্বর | : | |



রপ্তানি উন্নয়ন ব্যুরো ঢাকা

CamScanner

| | | |
|---|---|---|
| (ক) দরপত্রের সাথে যে সকল কাগজপত্র/ ডকুমেন্টস দাখিল করতে হবে | : | হালনাগাদ ট্রেড লাইসেন্স, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, ভ্যাট সনদপত্র, ২০২৪-২৫ কর বছরের আয়কর মামলার নিষ্পত্তির সনদপত্র, ব্যাংক সচ্ছলতার হালনাগাদ সনদপত্র-এর সত্যায়িত কপি, মেলা তহবিলে সকল অর্থ জমার সমর্থনে (যেমনঃ প্রসেসিং ফি, উদ্ধৃত মূল্য ইত্যাদি) ডিপোজিট স্লিপের কপি, দরপত্রদাতার সদ্য তোলা সত্যায়িত ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি ও দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লিখিত অন্যান্য কাগজপত্র। |
| (খ) দাখিলকৃত কাগজপত্র/ডকুমেন্টস-এর তালিকা | : | |

১১। উদ্ধৃত মূল্য (Quoted Value) (ভ্যাট ট্যাক্স ব্যতীত) : টাঃ কথায়ঃ

(বিঃ দ্রঃ- আলোচ্য ইজারা/বরাদ্দ কাজের সর্বনিম্ন মূল্য (Floor Rate) হবে **টাঃ ৫,০০,০০,০০০/- (পাঁচ কোটি)** মাত্র (ভ্যাট ও ট্যাক্স ব্যতীত)। উক্ত মূল্যের কম মূল্যে কোন দরপত্র বিবেচনা করা হবে না।

১২। **ইজারা/বরাদ্দ (উদ্ধৃত মূল্য) মূল্য অগ্রিম পরিশোধঃ**

উদ্ধৃত মূল্যের (Quoted Value) সমুদয় অর্থ (ভ্যাট ও ট্যাক্স ব্যতীত) দরপত্র দাখিলের পূর্বেই ব্র্যাক ব্যাংক লিঃ-এর যে কোন শাখায় **"ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা তহবিল (DHAKA INTERNATIONAL TRADE FAIR FUND)"** শিরোনামের হিসাব **নম্বর-১৫০১১০২৪৮৫১০৩০০১**-এ জমা করে জমাদানের মূল ডিপোজিট স্লিপ দরপত্রের সাথে দাখিল করতে হবে। ই-মেইলে আবেদনের ক্ষেত্রে ডিপোজিট স্লিপের স্ক্যান কপি দাখিল করতে হবে (ডিপোজিট স্লিপ অবশ্যই আবেদনকারী প্রতিষ্ঠান অথবা ফার্মের নামে হতে হবে)।

(ক) অংকে টাঃ--------------------------------------------------

কথায় টাঃ--------------------------------------------------

(খ) ব্যাংকের নাম ও শাখা ----------------------------------------

(গ) ব্যাংক ডিপোজিট স্লিপের স্ক্রল নং----------------------------

(ঘ) তারিখ ------------------------------------------------------

দরপত্র দাতার স্বাক্ষর, তারিখ ও সীলমোহর



রপ্তানি উন্নয়ন ব্যুরো ঢাকা

CamScanner

## টার্মস অব রেফারেন্স (TOR)

### ডিআইএফটি ই-টিকেটিং সিস্টেমের উন্নয়ন এবং বাস্তবায়নের জন্য

**১. ভূমিকা:**

ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইএফটি)-এর ই-টিকেটিং সিস্টেমে মোবাইল অ্যাপ্লিকেশন (অ্যান্ড্রয়েড ও আইওএস) এবং একটি ওয়েব প্ল্যাটফর্ম থাকতে হবে, যা এসএমএস পরিষেবার সাথে ইন্টিগ্রেটেড হবে যাতে ব্যবহারকারীরা সহজে টিকেট ক্রয় এবং যাচাই করতে পারেন। সরকার/রপ্তানি উন্নয়ন ব্যুরোর তত্ত্বাবধানে ডেভেলপার এই সিস্টেম নির্মাণ, ইন্টিগ্রেশন এবং রক্ষণাবেক্ষণের দায়িত্বে থাকবে।

**২. উদ্দেশ্য:**

- ডিআইএফটি-এর দর্শকদের জন্য একটি নির্বিঘ্ন ই-টিকেটিং ব্যবস্থা উন্নয়ন;
- মোবাইল অ্যাপ (অ্যান্ড্রয়েড ও আইওএস) ও ওয়েব প্ল্যাটফর্মের মাধ্যমে টিকিট ক্রয়, QR Code প্রদর্শন এবং প্রযোজ্য ক্ষেত্রে, এসএমএস ভেরিফিকেশনের মাধ্যমে সহজে প্রবেশ নিশ্চিতকরণ;
- মোবাইল ব্যাংকিং ও ডেবিট/ক্রেডিট কার্ডের মাধ্যমে টিকিট ক্রয়ের ব্যবস্থা নিশ্চিতকরণ;
- সিস্টেম ডেভেলপার এবং সরকার/রপ্তানি উন্নয়ন ব্যুরোর মধ্যে নিরাপদ ডাটা শেয়ারিং নিশ্চিতকরণ;
- অ্যাপে বিজ্ঞাপন এবং বিজ্ঞপ্তির মাধ্যমে প্রচারের সুযোগ তৈরিকরণ;
- ই-গেট এবং অন-স্পট গেটের মাধ্যমে প্রবেশ প্রক্রিয়া সহজিকরণ ইত্যাদি।

**৩. কাজের পরিধি:**

**৩.১ মোবাইল অ্যাপ্লিকেশন ডেভেলপমেন্ট:**

- ব্যবহারকারী-বান্ধব মোবাইল অ্যাপ্লিকেশন তৈরি ও চালু করতে হবে, যা অ্যান্ড্রয়েড এবং আইওএস উভয় প্ল্যাটফর্মে ব্যবহারযোগ্য হবে;
- অ্যাপটিতে টিকেট ক্রয়, টিকেট দেখার এবং আসন্ন ইভেন্টগুলো ট্র্যাক করার সুবিধা থাকতে হবে;
- এসএমএস টিকেটিং ভেরিফিকেশন ফিচার যুক্ত করতে হবে, যা ব্যবহারকারীগণ এসএমএসে প্রাপ্ত ইউনিক কোড প্রদর্শন করে ই-গেইট দিয়ে মেলায় প্রবেশ করতে পারবেন।

**৩.২ ওয়েব প্ল্যাটফর্ম ডেভেলপমেন্ট:**

- একটি রেসপনসিভ ওয়েব-ভিত্তিক ই-টিকেটিং সিস্টেম তৈরি করতে হবে, যা মোবাইল অ্যাপ্লিকেশনের মতো কার্যকর হবে;
- ওয়েব প্ল্যাটফর্মে ব্যবহারকারীগণ টিকেট ক্রয়, টিকেট ডাউনলোড বা প্রিন্ট এবং ইভেন্ট সম্পর্কিত তথ্য দেখতে পারবেন।

**৩.৩ এসএমএস টিকেটিং সিস্টেম ইন্টিগ্রেশন:**

- ই-টিকেটিং সিস্টেমটি এসএমএস সার্ভিসের সাথে ইন্টিগ্রেট করতে হবে।
- ব্যবহারকারীগণ এসএমএসের মাধ্যমে প্রাপ্ত ইউনিক কোড প্রদর্শন করে মেলার ফিজিক্যাল গেইটে যাচাই করতে পারবেন।

**৩.৪ ডাটা অ্যাক্সেস এবং রিপোর্টিং:**

- সিস্টেমটিতে ডেভেলপার এবং সরকার/রপ্তানি উন্নয়ন ব্যুরো উভয়ের জন্যই রিয়েল-টাইম ডাটা অ্যাক্সেস থাকতে হবে, যাতে মোট বিক্রয়, টিকেট যাচাই এবং দর্শক সংখ্যা অবলোকন করা যায়;
- দৈনিক, সাপ্তাহিক এবং মাসিক রিপোর্ট প্রদান করতে হবে, যেখানে টিকেট বিক্রয়, সিস্টেম পারফরম্যান্স এবং ব্যবহারকারীর ইন্টারঅ্যাকশন থাকবে।

**৩.৫ ইন-অ্যাপ এবং ওয়েব বিজ্ঞাপন:**

- ডেভেলপারকে মোবাইল অ্যাপ এবং ওয়েব প্ল্যাটফর্মে বিজ্ঞাপন স্থাপনের সুযোগ দিতে হবে;
- অ্যাপের মাধ্যমে পণ্য প্রচার করার জন্য পুশ নোটিফিকেশন পাঠানোর ফিচার অন্তর্ভুক্ত করতে হবে।

**৩.৬ ই-গেট এবং অন-স্পট ক্রয় গেট:**

- ই-টিকেটের মাধ্যমে সহজ প্রবেশ নিশ্চিত করতে ১২ (বারো)টি ই-গেইট স্থাপন ও পরিচালনা করতে হবে;
- দর্শকরা সরাসরি টিকেট কিনতে পারবে এমন ১০(দশ)টি অন-স্পট ক্রয় গেইট স্থাপন করতে হবে।

**৩.৭ ভেন্ডর প্রদত্ত সামগ্রী:**

- ভেন্ডরদের দায়িত্ব হবে সমস্ত প্রয়োজনীয় হার্ডওয়্যার সরবরাহ করা (যেমন- কম্পিউটার, টিকেট প্রিন্টার এবং ইন্টারনেট সংযোগ, যা ক্রয় গেইটে ব্যবহার হবে)। এছাড়া, ই-টিকেটের মাধ্যমে টিকেট ভেরিফিকেশনের জন্য পর্যাপ্ত সংখ্যক QR Code স্ক্যানার ডিভাইস থাকতে হবে।



রপ্তানি উন্নয়ন ব্যুরো ঢাকা

CamScanner

**অনলাইন ক্যাম্পেইন:**

- অনলাইনে অন্তত: ৫০ (পঞ্চাশ) শতাংশ টিকেট বিক্রয়ের জন্য পর্যাপ্ত ডিজিটাল ক্যাম্পেইন করতে হবে।

৪. **ডেলিভারেবলস:**

ডেভেলপারকে নিম্নোল্লিখিত ডেলিভারেবল সরবরাহ করতে হবে:

১) **মোবাইল অ্যাপ (অ্যান্ড্রয়েড এবং আইওএস):** টিকেটিং এবং এসএমএস ইন্টিগ্রেশনসহ সম্পূর্ণ কার্যকর মোবাইল অ্যাপ;
২) **ওয়েব প্ল্যাটফর্ম:** একটি রেসপনসিভ এবং ব্যবহারকারী-বান্ধব ওয়েব পোর্টাল (টিকেট ক্রয় এবং মেলার তথ্যের জন্য);
৩) **এসএমএস ইন্টিগ্রেশন:** এসএমএসের মাধ্যমে টিকেট ক্রয় এবং কোড দ্বারা যাচাই করার পূর্ণ ইন্টিগ্রেশন;
৪) **ই-গেট সেটআপ:** ই-টিকেটের মাধ্যমে প্রবেশের জন্য কার্যকর ই-গেইট;
৫) **অন-স্পট ক্রয় গেট সেটআপ:** অন-স্পট টিকেট ক্রয়ের জন্য কার্যকর ক্রয় গেইট, যেখানে টিকেট প্রিন্ট করার সুবিধা থাকবে;
৬) **ডাটা অ্যাক্সেস সিস্টেম:** বিক্রয়, ব্যবহারকারী কার্যকলাপ এবং সিস্টেম পারফরম্যান্স নিরীক্ষণের জন্য নিরাপদ অ্যাক্সেস প্রদান;
৭) **বিজ্ঞাপন এবং পুশ নোটিফিকেশন:** অ্যাপ এবং ওয়েব প্ল্যাটফর্মে বিজ্ঞাপন স্থান এবং পুশ নোটিফিকেশনের ইন্টিগ্রেশন।

৫. **ভূমিকা ও দায়িত্ব:**

- **সিস্টেম ডেভেলপার:**
  - মোবাইল অ্যাপ, ওয়েব প্ল্যাটফর্ম এবং এসএমএস সিস্টেম ডেভেলপ, পরীক্ষা এবং মোতায়েন করতে হবে;
  - ব্যাকএন্ড ডাটাবেস ম্যানেজ করতে হবে এবং টিকেট বিক্রয় ডাটার নিরাপদ প্রবেশ নিশ্চিত করতে হবে;
  - ই-গেইট এবং অন-স্পট ক্রয় গেইট পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের দায়িত্ব নিতে হবে;
  - অ্যাপ এবং ওয়েব প্ল্যাটফর্মে বিজ্ঞাপন এবং পুশ নোটিফিকেশন ইন্টিগ্রেট করতে হবে;
  - ডিআইএফটি ইভেন্ট চলাকালীন টিকেট সম্পর্কিত প্রযুক্তিগত সহায়তা প্রদান করতে হবে;
  - অনলাইনে টিকিট বিক্রয়ে জন্য পর্যাপ্ত ডিজিটাল ক্যাম্পেইন করতে হবে।
- **সরকার/রপ্তানি উন্নয়ন ব্যুরো:**
  - সিস্টেমের পর্যবেক্ষণ ও নজরদারির দায়িত্বে থাকবে;
  - ডেভেলপার নির্দিষ্ট মান এবং সময়সীমা মেনে চলছে কিনা তা নিশ্চিত করবে;
  - ডেভেলপারের সাথে ইভেন্ট সম্পর্কিত প্রচার এবং রিপোর্টের সমন্বয় করবে।

৬. প্রবেশ গেইট ইজারাপ্রাপ্ত/বরাদ্দপ্রাপ্ত প্রতিষ্ঠান নিজ উদ্যোগে কারিগরীভাবে দক্ষ ও অভিজ্ঞ আইটি কোম্পানির মাধ্যমে অনলাইন টিকেটিং-এর যাবতীয় কার্যক্রম (মোবাইল এ্যাপ ডেভেলপ, ওয়েব প্লাটফর্ম তৈরি, এসএমএস ইন্টিগ্রেশন, ই-গেইট সেটাপ ইত্যাদি কার্যক্রমের জন্য সিস্টেম ডেভেলপ-এর সময়সীমা, বাজেট, পেমেন্ট, প্রস্তাবনা জমা, মূল্যায়নের মানদন্ড, দরপত্র ও প্রস্তাবনা দাখিলের যোগ্যতা নিরুপণসহ সংশ্লিষ্ট সকল কাজ) সম্পাদনের মাধ্যমে অনলাইন টিকেটিং নিশ্চিত করবেন।

## ১৩। <u>দরদাতা কর্তৃক অবশ্য পালনীয় শর্তাবলীঃ</u>

(১) **দাখিলকৃত দরপত্র প্রত্যাহার করা হলে সমুদয় জমাকৃত অর্থ বাজেয়াপ্ত করা হবে;**

(২) ইজারা প্রাপ্ত সংস্থা/প্রতিষ্ঠানের অনুকূলে মেলা কর্তৃপক্ষ কর্তৃক প্রাথমিকভাবে কার্যাদেশ জারীর ৭(সাত) দিনের মধ্যে উদ্ধৃত দরের অর্থ ছাড়াও [উদ্ধৃত মূল্যের উপর ১৫% ভ্যাট + উদ্ধৃত মূল্যের উপর ১০% আয়কর + প্রযোজ্য অন্যান্য কর (যদি থাকে)সহ] ব্র্যাক ব্যাংক লিঃ-এর যে কোন শাখায় **"ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা তহবিল (DHAKA INTERNATIONAL TRADE FAIR FUND)" শিরোনামের হিসাব নম্বর-১৫০১১০২৪৮৫১০৩০০১**-এর যে কোন শাখায় জমা করে ডিপোজিট স্লিপ এর কপি দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে। অন্যথায় চূড়ান্তভাবে কার্যাদেশ প্রদান করা হবে না এবং সেক্ষেত্রে দরপত্রের সহিত জমাকৃত সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে;

(৩) দর্শনার্থীদের সহজে মেলায় প্রবেশের সুবিধার্থে মেলার প্রবেশ টিকেট ইজারাদারকে আবশ্যিকভাবে সরাসরি এবং অনলাইন উভয় পদ্ধতিতে বিক্রয় করতে হবে। এক্ষেত্রে শুধুমাত্র রপ্তানি উন্নয়ন ব্যুরো (ইপিবি) কর্তৃক নির্ধারিত প্রতিষ্ঠান/সংস্থার মাধ্যমে অন-লাইন টিকেট বিক্রয় করতে হবে;

(৪) প্রবেশ টিকিটের মূল্য মেলা কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারণ করা হবে এবং নির্ধারিত মূল্যে ইজারা প্রাপ্ত সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক মেলা চলাকালে প্রবেশ টিকিটের মূল্য আদায়পূর্বক সমমূল্যের টিকিট সরবরাহের মাধ্যমে মেলা প্রাঙ্গণে প্রবেশের ব্যবস্থা করবে। ০২(দুই) বৎসর বয়স পর্যন্ত শিশুদের জন্য কোন প্রকার প্রবেশ মূল্য আদায় করা যাবে না। মুক্তিযোদ্ধা, জুলাই আন্দোলনে আহত ও প্রতিবন্ধীগণ তাঁদের কার্ড প্রদর্শনপূর্বক বিনামূল্যে মেলায় প্রবেশ করতে পারবেন। তাছাড়া কোন ব্যক্তির নিকট হতে কোন ক্রমেই অতিরিক্ত প্রবেশ মূল্য আদায় করা যাবে না এবং টিকেট কাউন্টারে সব সময় টিকেটের পর্যাপ্ত মজুদ অবশ্যই নিশ্চিত করতে হবে;



রপ্তানি উন্নয়ন ব্যুরো ঢাকা

CamScanner

(৫) বিক্রিতব্য উভয় প্রকার টিকিট মুদ্রণ চূড়ান্ত করার পূর্বে টিকিটের নমুনা অবশ্যই মেলা কর্তৃপক্ষের নিকট হতে অনুমোদন করে নিতে হবে;

(৬) প্রতিটি টিকেট কাউন্টারের সম্মুখে বাংলা এবং ইংরেজি বড় অক্ষরে টিকেটের মূল্য লিপিবদ্ধ করতে হবে;

(৭) মেলা প্রাঙ্গণে সুষ্ঠুভাবে প্রবেশের জন্য ২টি প্রবেশ গেইটের (প্রধান প্রবেশ গেইট ও দ্বিতীয় প্রবেশ গেইট) উভয় পার্শ্বে টিকিট বিক্রয়ের সুবিধার্থে প্রয়োজনীয় সংখ্যক টিকেট কাউন্টারের ব্যবস্থা করতে হবে। এ ছাড়াও ইজারাপ্রাপ্ত সংস্থা/ প্রতিষ্ঠান ইচ্ছা করলে ঢাকা শহরের বিভিন্ন স্থান হতে টিকেট বিক্রির ব্যবস্থা করতে পারবেন;

(৮) মেলা প্রাঙ্গনের ভিআইপি প্রবেশ দ্বার ও সার্ভিস প্রবেশ দ্বার সম্পূর্ণভাবে মেলা কর্তৃপক্ষের নিয়ন্ত্রণে থাকবে। এ ক্ষেত্রে ইজারাদার/বরাদ্দপ্রাপ্ত প্রতিষ্ঠানের কোন প্রকার কর্তৃত্ব থাকবে না;

(৯) প্রবেশ টিকেট ইজারা/বরাদ্দের কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক বিনামূল্যে কোন প্রকার প্যাভিলিয়ন, মিনি-প্যাভিলিয়ন, স্টল অথবা রেঁস্তোরার জন্য স্থান বরাদ্দের দাবী করা যাবে না অথবা তাদের অফিস রুম ব্যবহারের জন্য কোন Space বা স্টল বরাদ্দ দাবী করা যাবে না;

(১০) মেলা কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত ডিউটি পাস, এক্সিবিটর্স পাস, কমপ্লিমেন্টারী পাস, মেলা কর্তৃপক্ষ (Fair Authority) পাসধারীগণ বিনা টিকেটে যে কোন প্রবেশ গেইট দিয়ে যে কোন সময় মেলায় প্রবেশ করতে পারবেন। কমপ্লিমেন্টারী পাস দুই প্রকার হবে। এক প্রকার পাস দ্বারা সর্বোচ্চ ০৪(চার) জন তিন বার এবং অন্য প্রকার পাস দ্বারা সর্বোচ্চ ০২(দুই) জন তিন বার প্রবেশাধিকার লাভ করবেন। ডিউটি পাস, মেলা কর্তৃপক্ষ ও এক্সিবিটর পাসধারীগণ কর্তব্য পালনের জন্য যে কোন সময় মেলায় প্রবেশ ও বাহির হতে পারবেন। এ ক্ষেত্রে ইজারাদার কর্তৃক প্রবেশ ফি আদায় বা কোন প্রকার হয়রানি করা যাবে না। এ বিষয়ে কোন প্রকার অভিযোগ উত্থাপিত হলে এবং প্রমাণিত হলে জমাকৃত অর্থ বাজেয়াপ্তসহ কার্যাদেশ বাতিল করা হবে;

(১১) ইজারাপ্রাপ্ত সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক মহিলা ও পুরুষদের জন্য পৃথক পৃথক টিকেট কাউন্টারের ব্যবস্থা করতে হবে এবং মহিলা কাউন্টারসমূহ অবশ্যই মহিলাদের দ্বারা পরিচালনা করতে হবে। এজন্য উভয় ক্ষেত্রে পর্যাপ্ত টিকেট কাউন্টারের ব্যবস্থা রাখতে হবে;

(১২) প্রবেশ টিকেট বিক্রির সময়কাল হবে প্রতিদিন সকাল ০৯.৩০ টা থেকে রাত ০৯.৩০ টা পর্যন্ত। নির্ধারিত সময়ের পর প্রবেশ টিকেট বিক্রি এবং দর্শনার্থী প্রবেশ বন্ধ করে উভয় গেট মেলা কর্তৃপক্ষের নিকট বুঝিয়ে দিতে হবে;

(১৩) ইজারাপ্রাপ্ত সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক প্রবেশ দ্বার এলাকায় সার্বক্ষণিক পাহারা/সিকিউরিটি সার্ভিস এর ব্যবস্থা রাখতে হবে। উক্ত এলাকায় নিযুক্ত ব্যক্তি ও স্টাফদের নামের তালিকা এবং প্রত্যেকের সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ২(দুই) কপি ছবি কার্যাদেশ প্রাপ্তির ০৭(সাত) দিনের মধ্যে মেলা সচিবালয়ে এবং আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সংশ্লিষ্ট ক্যাম্প অফিসে জমা দিতে বাধ্য থাকবেন। নাম ও ছবি বিহীনভাবে কোন ব্যক্তি/স্টাফদের গেটে ডিউটি করতে দেয়া হবে না। এ বিষয়ে মেলা কর্তৃপক্ষর সংশ্লিষ্ট কর্মকর্তা ও আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যগণ প্রতিনিয়ত তদারকী করবেন;

(১৪) ইজারাপ্রাপ্ত সংস্থা/প্রতিষ্ঠানকে মেলার প্রবেশ গেট এলাকায় পূর্ণ নিরাপত্তা ও শৃঙ্খলা বজায় রাখার জন্য সকল প্রকার নিশ্চয়তা বিধান করতে হবে। গেটে কোন প্রকার অপ্রীতিকর ঘটনা ঘটলে ইজারাপ্রাপ্ত সংস্থা/প্রতিষ্ঠান তাৎক্ষণিকভাবে আইন-শৃঙ্খলা রক্ষাকারী কর্তৃপক্ষর নজরে আনবেন এবং তাঁদের সহায়তায় তা সমাধান করবেন;

(১৫) মেলা কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত এক্সিবিটর্স পাসধারীগণ মেলা চলাকালীন প্রতিদিন রাত ১০.৩০ টা থেকে ভোর ৬.৩০ টা পর্যন্ত হাতে/মাথায়/ভ্যান গাড়ী দিয়ে নিজ নিজ প্যাভিলিয়ন/মিনি-প্যাভিলিয়ন/স্টলের খাদ্য এবং প্রদর্শনী সামগ্রী বহন করতে পারবে। এতে প্রবেশ টিকেট কাজের ইজারা গ্রহীতা কর্তৃক কোন প্রকার অর্থ দাবী ও আদায় করা যাবে না;

(১৬) মেলা চলাকালে প্রবেশ পথ এলাকায় ইজারাদার কর্তৃক কোন প্রকার অপ্রীতিকর ঘটনার সৃষ্টি করা হলে অথবা ইজারাপ্রাপ্ত সংস্থা/ প্রতিষ্ঠানের বিরুদ্ধে কোন প্রকার অভিযোগ পাওয়া গেলে এবং তা প্রমাণিত হলে ইজারার সাথে দাখিলকৃত সমূদয় অর্থ বাজেয়াপ্তকরণ, কার্যাদেশ বাতিলকরণসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

(১৭) ইজারাপ্রাপ্ত সংস্থা/প্রতিষ্ঠানকে মেলায় প্রবেশের টিকেট কাউন্টার এবং প্রবেশ দ্বারে শৃঙ্খলা রক্ষার জন্য পর্যাপ্ত সংখ্যক কর্মী নিয়োগ করতে হবে। দর্শনার্থীদের সাথে টিকেট বিক্রেতা ও নিয়োগকৃত কর্মীদের আচার-আচরণ/ব্যবহার অবশ্যই মার্জিত ও শোভনীয় হতে হবে। এ ধরনের কর্মী নিয়োগের ক্ষেত্রে মেলা কর্তৃপক্ষের মতামত প্রাধান্য পাবে। সন্দেহজনক চরিত্রের কোন ব্যক্তি বা অপরাধ চক্রের সাথে জড়িত অথবা পুলিশি তালিকাভুক্ত কোন ব্যক্তিকে এ দায়িত্বে নিয়োগ/নিয়োজিত করা যাবে না। এ কাজের জন্য নিয়োগকৃত সকল কর্মী বা ব্যক্তি সন্ত্রাসী, সমাজবিরোধী ও আইন-শৃঙ্খলা পরিপন্থী কার্যকলাপের সাথে জড়িত নন- এ মর্মে পুলিশ বিভাগ থেকে ছাড়পত্র গ্রহন করতে হবে;

(১৮) আন্তর্জাতিক মেলার শৃঙ্খলা ও ভাবমূর্তি বজায় রাখার স্বার্থে মেলা চলাকালে মেলা প্রাঙ্গণে হকার, টোকাই, ক্যানভাসার এবং ভিক্ষা বৃত্তিতে নিয়োজিত কোন ধরণের ব্যক্তির (প্রাপ্ত/অপ্রাপ্ত বয়স্ক) নিকট প্রবেশ টিকেট বিক্রয় ও মেলায় প্রবেশ সম্পূর্ণরূপে নিষিদ্ধ। এ ব্যাপারে মেলা কর্তৃপক্ষ ও আইন শৃঙ্খলার দায়িত্বে নিয়োজিত সংশ্লিষ্ট কর্মকর্তাগণ কর্তৃক সার্বক্ষণিকভাবে তদারকি করা হবে;

(১৯) মেলার সার্ভিস গেট সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ইপিবি, পুলিশ, আনসার, বিজিবি, র‍্যাব ও অন্যান্য আইন প্রয়োগকারী সংস্থার প্রতিনিধিগণ সম্মিলিতভাবে দায়িত্ব পালন করবেন। এ ক্ষেত্রে ইজারা গ্রহণকারীর কোন প্রকার নিয়ন্ত্রণ সার্ভিস গেইটে থাকবেনা। মেলা চলাকালীন প্রতিদিন রাত ১০:৩০টা থেকে ভোর ০৬:৩০ টা পর্যন্ত মেলায় স্থানীয় ও বিদেশি অংশগ্রহণকারীদের প্রদর্শণী সামগ্রী মেলা কর্তৃপক্ষর স্টিকারযুক্ত অনধিক ০৫(পাঁচ) টন ধারণ ক্ষমতা সম্পন্ন অথবা হালকা যানবাহন/ভ্যান গাড়ীর মাধ্যমে মেলায় প্রবেশে কোন প্রকার ফি আদায় করা যাবে না এবং কোন প্রকার প্রতিবন্ধকতা সৃষ্টি করা যাবে না। বিষয়টি মেলা কর্তৃপক্ষও আইন-শৃঙখলা রক্ষাকারী বাহিনী কর্তৃক সার্বক্ষণিকভাবে তদারকী করবেন। এ সংক্রান্ত কোন অভিযোগের সত্যতা প্রমাণিত হলে জমাকৃত অর্থ বাজেয়াপ্ত করা হবে;



রপ্তানি উন্নয়ন ব্যুরো ঢাকা

CamScanner

(২০) মেলার প্রবেশ গেইট এবং টিকেট কাউন্টার সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে কিনা তা তদারকীর জন্য আইন শৃঙ্খলা রক্ষার দায়িত্বে নিয়োজিত ও মেলা কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত কর্মকর্তা সার্বক্ষণিকভাবে নিয়োজিত থাকবেন। ইজারাপ্রাপ্ত সংস্থা/প্রতিষ্ঠান এ ব্যাপারে উক্ত কর্মকর্তাবৃন্দের পরামর্শ গ্রহণ করতে বাধ্য থাকবেন;

(২১) নির্ধারিত সময়ের পর মেলার মেয়াদকাল বৃদ্ধি করা হলে ইজারাপ্রাপ্ত প্রতিষ্ঠান আনুপাতিক হারে সকল প্রকার করসহ বর্ধিত দিনের জন্য অতিরিক্ত ইজারার অর্থ মেলা কর্তৃপক্ষকে পরিশোধ করতে বাধ্য থাকবেন। অন্যথায় বৃদ্ধি প্রাপ্ত সময়ের জন্য মেলা কর্তৃপক্ষ প্রয়োজনে বিনা টিকেটে অথবা অন্য কোন প্রতিষ্ঠানের মাধ্যমে দর্শনার্থীদের প্রবেশের সুযোগ দেয়ার ক্ষমতা সংরক্ষণ করেন। এ ক্ষেত্রে মেলা কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে;

(২২) আবহাওয়াজনিত কারণসহ অন্যান্য যে কোন কারণে মেলায় লোক সমাগম কম হলে সে ক্ষেত্রে মেলা কর্তৃপক্ষ দায়ী থাকবে না এবং এ জন্য অর্থ মওকুফের কোন সুযোগ থাকবে না। যে কোন কারণে নির্ধারিত সময়ের পূর্বে মেলা বন্ধ করা হলে ইজারা মূল্যের কোন অংশই ফেরত দেয়া হবে না;

(২৩) প্রবেশ টিকেটের উপর যে কোন প্রকার লটারি সম্পূর্ণভাবে নিষিদ্ধ ;

(২৪) ইতোপূর্বে ইপিবি ও ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলার কোন কাজে অযোগ্য ঘোষিত হয়ে থাকলে অথবা অভিযোগ আছে - এ ধরণের সংস্থা/প্রতিষ্ঠানের দরপত্র গ্রহণযোগ্য হবে না;

(২৫) প্রবেশ টিকেট ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যাবলী স্পর্শকাতর বিধায় ইজারাপ্রাপ্ত প্রতিষ্ঠানকে মেলা কর্তৃপক্ষের সাথে এতদসংক্রান্ত শর্তসম্বলিত টাঃ ৩০০/- (তিনশত) মাত্র এর মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে একটি চুক্তিতে আবদ্ধ হতে হবে;

(২৬) মেলা কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে জারীকৃত আদেশ/নিদের্শনা মেনে চলতে ইজারা গ্রহীতা/বরাদ্দপ্রাপ্ত প্রতিষ্ঠান বাধ্য থাকবেন;

(২৭) অনিবার্য কোন কারণে (যেমনঃ প্রাকৃতিক দৈব দূর্বিপাক, সরকারি সিদ্ধান্ত, হরতাল, মহামারী অথবা রাজনৈতিক অস্থিরতা) মেলা স্থগিত বা বন্ধ ঘোষণা করা হলে ডিআইটিএফ-২০২৬ তহবিলে দরদাতার জমাকৃত কোন অর্থ ফেরত প্রদান, পূর্ণভরন বা সমন্বয় করা হবে না;

(২৮) ডিআইটিএফ ২০২৬ এর প্রবেশ টিকেট ইজারা প্রাপ্ত প্রতিষ্ঠান কোনক্রমেই ইজারা কার্যক্রম অন্যের নিকট হস্তান্তর বা Power of Attorney প্রদানপূর্বক ইজারা কার্যক্রম পরিচালনার ক্ষমতা/দায়িত্ব প্রদান করতে পারবে না। এ ধরণের কোন কার্যক্রম প্রদান করা হলে কার্যাদেশ/ইজারা চুক্তিনামা বাতিল বলে গণ্য হবে এবং সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে;

(২৯) দরপত্রের বিজ্ঞপ্তি ও দরপত্রের শিডিউলে বর্ণিত কোন শর্ত ভঙ্গ করলে জরিমানা আরোপ, ভবিষ্যতে অনুষ্ঠিতব্য মেলায় অংশগ্রহনের জন্য অযোগ্য ঘোষণা, কালো তালিকাভুক্তসহ অন্যান্য শাস্তিমূলক ও আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

(৩০) পূর্ববর্তী মেলা বা মেলাসমূহে অংশগ্রহণকারী কোন প্রতিষ্ঠান বা ব্যক্তির নিকট মেলা কর্তৃপক্ষের কোন অর্থ পাওনা থাকলে উক্ত প্রতিষ্ঠান/ব্যক্তি অথবা উক্ত প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী অথবা তার মালিকানাধীন সকল প্রতিষ্ঠান ডিআইটিএফ ২০২৬ এর দরপত্র কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবে না এবং এরূপ প্রতিষ্ঠান/ব্যক্তি বা প্রতিষ্ঠান সমূহের নামে মেলায় প্রবেশ টিকেট ইজারার কাজ বরাদ্দ করা হবে না;

(৩১) প্রয়োজন হলে মেলা কর্তৃপক্ষ ডিআইটিএফ এর প্রবেশ টিকেট ইজারা/বরাদ্দ কাজ ঠিকাদারী প্রতিষ্ঠান ব্যতীত অন্য কোন সংস্থা/প্রতিষ্ঠান বা অন্য কোন কর্তৃপক্ষ বা বিভাগের মাধ্যমে অথবা অন্য কোন উপায়ে সম্পাদন করাতে পারবেন;

(৩২) মেলার যে কোন কাজের বা যে কোন বরাদ্দের মোট ফ্লোর মূল্য বা মোট বরাদ্দমূল্য ৩১ (একত্রিশ) দিনের জন্য প্রযোজ্য বলে গণ্য করতে হবে;

(৩৩) মেলায় এ কাজের বরাদ্দপ্রাপ্ত কোন প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারী অথবা স্বত্বাধিকারী মেলা কর্তৃপক্ষর সাথে কোন অসৌজন্যমূলক আচরণ করলে ব্যুরোর ভাইস চেয়ারম্যান তাদের বিরুদ্ধে মামলা দায়ের/আইনানুগ ব্যবস্থাসহ সে প্রতিষ্ঠানকে ডিআইটিএফ এ অংশগ্রহনের অযোগ্য ঘোষণা করতে পারবেন;

(৩৪) ডিআইটিএফ এর দরপত্র কার্যক্রমে অংশগ্রহণ এবং কাজের বরাদ্দ বাবদ মেলা তহবিলে জমাযোগ্য সকল অর্থ www.epb.gov.bd থেকে ডিপোজিট স্লিপের নির্ধারিত ফরম প্রিন্ট করে তা পূরণপূর্বক উহার মাধ্যমে ব্র্যাক ব্যাংকের যে কোন শাখায় জমা করতে হবে। অন্যথায় মেলা তহবিলে অর্থ জমার দাবী গ্রহণযোগ্য হিসাবে গণ্য করা হবে না;

(৩৫) মেলায় অংশ গ্রহনের উদ্দেশ্যে মেলা তহবিলে অর্থ জমার সমর্থনে ব্যাংক থেকে প্রদত্ত/প্রাপ্ত ডিপোজিট স্লিপে আবেদনকারী প্রতিষ্ঠানের নাম উল্লেখ না থাকলে তা গ্রহণযোগ্য হিসেবে বিবেচিত হবে না;

(৩৬) ডিআইটিএফ এ কাজ বরাদ্দের জন্য নির্বাচিত কোন প্রতিষ্ঠান বরাদ্দপ্রাপ্ত কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদন করতে ব্যর্থ হলে অথবা সম্পাদন করতে অপারগতা প্রকাশ করলে অথবা সম্পাদন না করলে অথবা দরপত্র বিজ্ঞপ্তি/শিডিউল/কার্যাদেশ/বরাদ্দপত্রে উল্লিখিত কোন শর্ত ভঙ্গ করলে উক্ত প্রতিষ্ঠানের অনুকূলে ইস্যুকৃত কার্যাদেশ/বরাদ্দপত্র বাতিল করে মেলায় সকল প্রকার কার্যক্রম তাৎক্ষণিকভাবে বন্ধ করে দেয়া যাবে এবং উদ্ধৃত মূল্য/রয়্যালটি, ভ্যাট, আয়কর প্রভৃতি বাবদ মেলা তহবিলে জমাকৃত সমুদয় অর্থ মেলা তহবিলের অনুকূলে বাজেয়াপ্ত হবে। এছাড়া এ সকল ক্ষেত্রে পরবর্তী সর্বোচ্চ দরদাতা প্রতিষ্ঠান এর অনুকূলে এ কাজের কার্যাদেশ দেয়া হবে;

(৩৭) মেলার এ কাজের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত বা প্রাথমিকভাবে বরাদ্দপ্রাপ্ত কোন প্রতিষ্ঠান দরপত্র বিজ্ঞপ্তি/প্রাথমিক কার্যাদেশ/প্রাথমিক বরাদ্দপত্রের শর্ত মোতাবেক প্রযোজ্য সম্পূর্ণ অর্থ মেলা তহবিলে জমা না করলে উহার অনুকূলে এ কাজের চূড়ান্ত কার্যাদেশ বা চূড়ান্ত বরাদ্দপত্র দেয়া হবে না। এক্ষেত্রে তাদের নামে ইস্যুকৃত প্রাথমিক কার্যাদেশ/বরাদ্দপত্র বাতিল করে মেলা তহবিলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের জমাকৃত সমুদয় অর্থ বাজেয়াপ্ত করে তাদের বিরুদ্ধে অন্যান্য আইনানুগ ব্যবস্থাগ্রহন করা হবে;

(৩৮) মেলা কর্তৃপক্ষ যুক্তিযুক্ত ও প্রয়োজন মনে করলে মেলা মাঠের মাস্টার প্ল্যান যে কোন সময় পরিবর্তন/সংশোধন করতে পারবে;

(৩৯) হার্ডকপির মাধ্যমে দাখিলকৃত প্রতিটি দরপত্রের খামের উপর দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লিখিত কাজের ক্রমিক নম্বরসহ সংশ্লিষ্ট কাজের নাম উল্লেখ/লিপিবদ্ধ করতে হবে;



রপ্তানি উন্নয়ন ব্যুরো ঢাকা

CamScanner

(৪০) অত্র শিডিউলের প্রতি পৃষ্ঠায় দরপত্র দাতা প্রতিষ্ঠানের সীলমোহর ও স্বত্বাধিকারী/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত হতে হবে;

(৪১) উপরে উল্লিখিত শর্তাবলী ছাড়া পত্রিকায় প্রকাশিত দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লিখিত সংশ্লিষ্ট অন্যান্য শর্তাবলী আবেদনকারী প্রতিষ্ঠান সমূহের জন্য প্রযোজ্য হবে এবং সে সকল শর্তাবলী প্রযোজ্যতা মোতাবেক দরপত্র দাখিলকারী/কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে পরিপালন করতে হবে;

(৪২) অসম্পূর্ণ দরপত্র বা আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না;

(৪৩) ডিআইটিএফ ২০২৬ কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল অথবা সকল দরপত্র বাতিলের পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করে;

(৪৪) মেলা কর্তৃপক্ষ যে কোন সময় মেলার তারিখ ও সময় পরিবর্তন করতে পারবেন এবং যেকোন শর্ত সংশোধন পরিবর্তন ও বাতিল করতে পারবে; এবং

(৪৫) প্রয়োজনবোধে স্বাক্ষরযুক্ত অতিরিক্ত কাগজ ব্যবহার করা যাবে। প্রতিটি উদ্ধৃত দর/মূল্য অংকে এবং কথায় লিখতে হবে।

১৪। **দরপত্র দাতার স্বাক্ষর, তারিখ ও সীলমোহরঃ**

৩০/১০/২০২৫

**সচিব (উপসচিব)**
রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা
ও
**পরিচালক**
৩০তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ) ২০২৬ সচিবালয়
১, কাওরান বাজার, টিসিবি ভবন (৫ম তলা), ঢাকা-১২১৫
ফোনঃ ০২-৫৫০১৩৪২০, PABX ০২-৯১৪৪৮২২-২৪, ৮১৮০০৮৪, ৮১৮০০৮৭, ৮১৮০০৯০, এক্সটেনশন নং-১১৪, ফ্যাক্সঃ ৮৮০-২-৫৫০১৪০২৪
ওয়েবসাইটঃ www.epb.gov.bd, ই-মেইলঃ secy@epb.gov.bd, Facebook: www.facebook.com/epb.gov.bd



CamScanner